

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৮ ১

বিশালগড়, ২ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা : বিশালগড়ে সুশাসন শিবির

সরকারের লক্ষ্য মানুষকে আত্মনির্ভর করে

তোলা : কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ বিশালগড়ের চাঞ্চামুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে এক সুশাসন শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। শিবিরের উদ্বোধন করে তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের লক্ষ্য দেশের প্রতিটি রাজ্যের মানুষের কাছে বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা পৌছে দেওয়া। এই লক্ষ্যেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা করেছেন। এই সংকল্প যাত্রায় দেশের ২ লক্ষ ৭০ হাজার গ্রামে ও ৪ হাজার ৮০০টি নগরে সুশাসন শিবিরের আয়োজন করা হচ্ছে। এই শিবিরগুলি থেকে মানুষের কাছে বিভিন্ন সহায়তা পৌছে দেওয়া হবে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, বিকশিত ভারত সংকল্প যাত্রার পাশাপাশি রাজ্য সরকারের প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা হয়েছে। এই অভিযানে রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুযোগ মানুষের কাছে পৌছে দেওয়া হবে। সরকারের লক্ষ্য মানুষকে আত্মনির্ভর করে তোলা। তাহলেই দেশ শক্তিশালী হবে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী এই দুই কর্মসূচি সফল করে তুলতে যুব সমাজকে এগিয়ে আসার আহ্বান জানান।

সুশাসন শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বিভিন্ন দপ্তরের স্টলগুলি ঘূরে দেখেন। শিবিরে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক আনুষ্ঠানিকভাবে আয়ুষ্মান কার্ড, প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনায় আর্থিক সহায়তা, পিএম-বিশ্বকর্মা, স্বচ্ছ ভারত মিশন, কৃষি, মৎস্য সহ বিভিন্ন দপ্তরের প্রকল্পের সহায়তা সুবিধাভোগীদের হাতে তুলে দেন। শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক অন্তর্বাসী সরকার দেব, বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ছন্দা দেববর্মা, বিশালগড় মহকুমার মহকুমা শাসক রাজেশ চক্রবর্তী, বিশালগড় ব্লকের বিডিও অনুরাধা সেন প্রমুখ।
